



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারকনং- ১১১০/BTC/২০২২-'২৩/

তারিখ: ২৯/০৫/২০২৩ খ্রি.

বিষয়: ২০২২-'২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন টিসি, বিটিসি, বিষয়/গ্রুপ/ শিফট/ ভার্সন/ ছবি পরিবর্তন এবং ভর্তি বাতিল কার্যক্রমের সময় বৃদ্ধি প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থী, অভিভাবক এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের আবেদনের প্রেক্ষিতে ২০২২-'২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন টিসি (eTC), বোর্ড পরিবর্তনের মাধ্যমে ছাড়পত্র (BTC), বিষয়/ গ্রুপ/ শিফট/ ভার্সন/ ছবি পরিবর্তন এবং ভর্তি বাতিল কার্যক্রম আগামী ০৪/০৬/২০২৩ তারিখ হতে ৩০/০৭/২০২৩ তারিখ পর্যন্ত চলবে।

উল্লেখ্য, অনলাইন কার্যক্রমের জন্য শিক্ষার্থীদের বোর্ডে যোগাযোগের কোন প্রয়োজন নেই।

বোর্ডের নির্ধারিত ফি নিম্নরূপ:

ক্রমিক নং	বিবরণ	নির্ধারিত ফি (টাকা)
১	প্রতি বিষয় পরিবর্তন	২০০/-
২	বিভাগ/গ্রুপ পরিবর্তন	৮০০/-
৩	অনলাইন টিসি/ বিটিসি	৭০০/-
৪	ভর্তি বাতিল	৬০০/-
৫	শিফট, ভার্সন, ছবি পরিবর্তন ও চতুর্থ বিষয় বাতিল	কোন ফি লাগবে না

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর আবু তাঈব মোঃ মোয়াজ্জেম হোসেন

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২৫৮৬১২৪৭৬

ই-মেইল: ic@dhakaeducationboard.gov.bd